



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
সরকারি মাধ্যমিক শাখা
www.dshe.gov.bd

নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১০৬.৩৪.০০০১.২৪.২৭০

তারিখ: ১৫ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
২৯ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন বকশীগঞ্জ উলফাতুল্লাহ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, বকশীগঞ্জ, জামালপুর -এর প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) জনাব মোঃ আবুল কালাম আজাদ গত ২৬.০২.২০২৬খ্রি. তারিখে অবসর-উত্তর ছুটিতে (PRL) গমন করায় বর্ণিত প্রতিষ্ঠানের জ্যেষ্ঠতম সিনিয়র শিক্ষক জনাব বিপ্লব কিশোর চক্রবর্তী উক্ত তারিখ প্রধান শিক্ষকের দায়িত্বভার গ্রহণ করেন। সে প্রেক্ষিতে তাঁকে দায়িত্ব গ্রহণের তারিখ হতে নিম্ন বর্ণিত শর্তসাপেক্ষে সাময়িকভাবে প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) দায়িত্বসহ আর্থিক লেন-দেনের ক্ষমতা প্রদান করা হলো। তিনি নিজের এবং অন্যান্য শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারীদের আয়ন-ব্যয়নকারী কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

শর্তসমূহ:

- এই দায়িত্ব তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত। পরবর্তীতে শূন্য পদে প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষক/ সহকারী প্রধান শিক্ষক (চলতি দায়িত্ব)/জ্যেষ্ঠতম সিনিয়র শিক্ষক যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
- ট্রেজারী ও সাব-ট্রেজারী আইনের এস.আর/৯৬ ভলিউম-১ অনুযায়ী তাকে আনুষংগিক ভাতা, সম্মানী ইত্যাদি বিল সমূহে স্বাক্ষর করার ক্ষমতা প্রদান করা হলো।
- দায়িত্ব পালনকালীন সকল প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনিই সর্বোত্তমভাবে দায়ী থাকবেন। তাঁকে প্রয়োজ্য বিধি বিধানের আলোকে সকল প্রকার লেনদেন করতে হবে ও আর্থিক লেনদেনের হিসাব-নিকাশ অবশ্যই নির্দিষ্ট রেজিস্টারে সংরক্ষণ করতে হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

২৯-০৩-২০২৬
এস এম জিয়াউল হায়দার হেনরী
সহকারী পরিচালক-১

নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১০৬.৩৪.০০০১.২৪.২৭০/১ (৮)

তারিখ: ১৫ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
২৯ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।।
- ৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, অঞ্চল.....।
- ৪। জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা,।
- ৫। প্রধান শিক্ষক.....।
- ৬। জনাব.....।
- ৭। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এবং
- ৮। সংরক্ষণ নথি।



A handwritten signature in black ink, appearing to be 'O. M. H.' or similar, located above the text.

২৯-০৩-২০২৬

এস এম জিয়াউল হায়দার হেনরী
সহকারী পরিচালক-১